



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭


স্মারক নং-ঢাপ্রপ্রবি/নিলাম/২০২৫-২৬/০১

তারিখ : ২৮/১২/২০২৫ খ্রি.

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর পুরাতন/অকেজো/পরিত্যক্ত মালামাল “যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়” নির্ধারিত নিলাম দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট হতে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে। অত্রই ফ্রেতাগণকে ০১/০১/২০২৬ খ্রি. তারিখ হতে (অফিস চলাকালীন সময়ে) ১১/০১/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের নিলাম কমিটির সভাপতির অফিস/সদস্য-সচিবের অফিস (শহিদ আবু সাঈদ প্রশাসনিক ভবন ৪র্থ তলা (লিফট এর ৩) রুম নং ৪১৮-এ) থেকে দরপত্রের শিডিউল সংগ্রহ করে প্রস্তাবিত দর (অংকে ও কথায়) উল্লেখপূর্বক দরপত্র সীলমোহরকৃত খামে একই অফিসে জমা দানের জন্য আহ্বান করা হল। ঐ দিন বেলা ০৩.০০ ঘটিকায় প্রাপ্ত দরপত্রসমূহ নিলাম কমিটির সভাপতির দপ্তরে উপস্থিত সকল দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রকাশ্যে খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের তারিখ হতে যথাযথ নিয়মে মূল্য পরিশোধ সাপেক্ষে পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত মালামাল নিজ খরচে এবং নিজ দায়িত্বে গেইট পাশের মাধ্যমে নিয়ে যেতে হবে।

উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিলামের নিয়ম অনুসরণ করে নিলাম কার্য সম্পাদন করা হবে এবং প্রস্তাবিত দরের উপর ১০% হারে উৎস কর ও ১৫% হারে ভ্যাট প্রদেয় হবে। প্রত্যেক দরপত্রের সাথে দাখিলকৃত মোট দরের অনূর্ধ্ব এক লক্ষ টাকা পর্যন্ত ৮% হারে এবং তদূর্ধ্ব ৫% হারে জামানত (তবে ৫,০০০/- টাকার কম নহে) যে কোন তফশীলি ব্যাংক হতে “ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর” এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। নির্ধারিত হারে প্রয়োজনীয় জামানত ব্যতিরেকে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।


28.12.2025


(অধ্যাপক ড. মোঃ আনওয়ারুল আবেদীন)
সভাপতি
নিলাম কমিটি

স্মারক নং-ঢাপ্রপ্রবি/নিলাম/২০২৫-২৬/০১

তারিখ : ২৮/১২/২০২৫ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)- জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। পিএস টু ভিসি/প্রো-ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। এপিএস টু প্রো-ভিসি (প্রো- ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হইল)।
- ৬। কম্পট্রোলার, কম্পট্রোলার অফিস, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল সদস্য, নিলাম কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। নিরাপত্তা কর্মকর্তা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।


28-12-25
(প্রকৌশলী মুহাম্মদ মাহফুজুর রহমান)
ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার ও
সদস্য-সচিব, নিলাম কমিটি